



## বিএনপি ছাড়া বাংলাদেশের স্থিতিশীলতা কারো হাতে নিরাপদ নয়: মির্জা আব্বাস



মির্জা আব্বাস: সংগৃহীত ছবি

জামায়াতকে উদ্দেশ্য করে তীব্র সমালোচনা করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। তিনি বলেন, বিএনপি ছাড়া দেশে স্থিতিশীলতা সম্ভব নয়। জামায়াতসহ অন্যান্য দল ‘হাদিয়া’র নামে চাঁদাবাজিতে ব্যস্ত, আর বিএনপিকে টার্গেট করে তাদের রাজনীতির পথ সুগম করতে চায় তারা।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, বিএনপি ছাড়া বাংলাদেশ নিরাপদ নয়, কারণ একমাত্র বিএনপিই জনগণের প্রকৃত প্রতিনিধিত্ব করে। সোমবার (১৪ জুলাই) রাজধানীর নয়াপল্টনে অনুষ্ঠিত এক বিক্ষোভ সমাবেশে তিনি এ মন্তব্য করেন।

জামায়াতকে উদ্দেশ্য করে তিনি বলেন, “ওদের কাজ এখন শুধু লম্বা লম্বা কথা বলা আর সুকৌশলে চাঁদা তোলা—যাকে ওরা বলে ‘হাদিয়া’। দেশের বড় বড় শিল্প গ্রুপগুলোর কাছ থেকেও তারা এইভাবে চাঁদা আদায় করেছে। একেক সময়ে একেক দলের পেছনে গিয়ে দাঁড়ায়। এখন তাদের একমাত্র মাথাব্যথার কারণ বিএনপি। বিএনপিকে যদি শেষ করতে পারে, তবে তারা নির্বিঘ্নে রাজনীতি করতে পারবে।”

তারেক রহমানের নিরাপত্তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন তিনি। বলেন, “ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জীবন এখন হুমকির মুখে। তারা তাঁকে সহ্য করতে পারে না। অথচ তার নেতৃত্বেই দেশ সামনে এগিয়ে যাবে। বিএনপিই এই দেশের জন্য একমাত্র নিরাপদ রাজনৈতিক শক্তি।”

তিনি আরও বলেন, “জামায়াত, চরমোনাই কিংবা এনসিপি—কাউকে কেন্দ্র করে বিভ্রান্ত হওয়ার কিছু নেই। জনগণের প্রতি আহ্বান জানাচ্ছি—ঘটনার গভীরে যান, বিশ্লেষণ করুন। বিএনপিকে টার্গেট করে যে অপপ্রচার চলছে, সেটি যাচাই করা দরকার।”

এ সময় তিনি সতর্ক করেন, “বিএনপির কাঁধে ভর করে আওয়ামী লীগের সন্ত্রাসীরা দলে ঢোকান চেষ্টা করছে। এ বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে। দলের ভেতরে ঢুকে বিভ্রান্তি সৃষ্টি করার যে ষড়যন্ত্র চলছে, তা প্রতিহত করতে হবে।”